

রাণী কহে 'নায়েব সে বড়, অত্যাচারী।  
মোকদ্দমা জয় তব দিলাম এ ডিক্রী।।  
এই শাস্তি হ'বে তার বংশের নিম্নুল।  
কুষ্ঠব্যাধি হয়ে যাবে হস্তের আঙ্গুল।।  
গৃহদাহ হইবে নায়েবী কার্য যাবে।  
কল্য কাছারীতে বসি সংবাদ পাইবে।।  
এসব সংবাদ পেয়ে করিবে রোদন।  
পরশু করিবে বেটা গৃহেতে গমন।।'  
সবে বলে 'জয় শ্রীহরিচাঁদের জয়।'  
নামগানে মাতিল কাছারী ভঙ্গ হয়।।  
পরদিন বাটী হতে পঁছছিল পত্র।  
গৃহদাহ হইয়াছে ঘর নাহি মাত্র।।  
দৈবাৎ মরেছে তার সুযোগ্য নন্দন।  
শিরে করাঘাত করি করিছে রোদন।।  
লোকসহ পত্র এল রাজবাটী হ'তে।  
বরখাস্ত হ'লে তুমি নায়েবী হইতে।।  
কুষ্ঠব্যাধি হ'ল গায় চাকা চাকা দাগ।  
বাড়ী চলে গেল করে চাকুরিটি ত্যাগ।।  
হইল গলিতকুষ্ঠ' খসিল আঙ্গুল।  
স-ধনে সবংশে-দুষ্ট হইল নিম্নুল।।  
সাধু হিংসি' নায়েবের হ'ল সর্বনাশ।  
ধামবাসী পাষণ্ডের লাগিল ত্বরাস।।  
সেইভাবে সকলে রহিল মনোহ্লাসে।  
নামগানে নিশি ভোর হ'ল ভাবাকাশে।।  
কহিছে তারকচন্দ্র কবি রসরাজ।  
সুধাধ্বষী যেই তার মুণ্ডে হেন বাজ।।



### মহাপ্রভুর জোনাসুর 'কুঠি' যাত্রা

হাকিম-হুকমে যাহা, প্রত্যক্ষ ফলিল তাহা,  
নায়েব চলিয়া গেল বাড়ী।  
গৃহদাহ বার্তা এল, কার্যেতে জবাব হল,  
ভয়ে প্রাণ কাঁপে থরহরি।।

বিপক্ষ গ্রামীরা যত, রাগে হ'ল জ্ঞানহত,  
বলে 'এত জুতা মারী অঙ্গে।  
এত দিল জরিমানা, তবু কীর্তন ছাড়ে না,  
লাফালাফি করে' মাটি ভাঙ্গে।।  
যত সব জাতিনাশা, নাহিক অন্য ব্যবসা,  
কিসে চলে খায় বসে বসে।  
কেহ অন্নবস্ত্র হীন, বালক যুবা প্রবীণ,  
কি কৌশলে সবে এসে মিশে।।'  
নায়েব দিল লাঞ্ছনা, বিশ টাকা জরিমানা,  
কার্য গেল, চলে গেল বাটী।  
যত সব দুষ্ট খল, জুটিয়া পাষণ্ড দল,  
শেবে যায় জোনাসুর কুঠি।।  
নজর দিয়া সবাই, 'ডিক্' সাহেবের ঠাই,  
করে এক কেতা দরখাস্ত।  
সাহেবের কাছে গিয়ে, একে একে দাঁড়াইয়ে,  
বাচনিক বলিল সমস্ত।।  
পাষণ্ড মুখ-নিঃসৃত, যত আঁসে কহে তত,  
ভাল মন্দ নাহি যে বিচার।  
যত সব ভাল ক্রিয়ে, সেই সকল ত্যজিয়ে,  
কহে যত কুৎসিৎ আকার।।  
সাহেব শ্রবণ করে, বলে তাদের গোচরে,  
যেই নারী কীর্তনেতে নাচে।  
কীর্তনের প্রেমাবেশে, যেই নারী মিলে এসে,  
তাহাদের কেহ কি জেনেছে?  
কহে পাষণ্ডের গণ, 'তাহাদের আত্মজন,  
অই কার্য বড় ভালবাসে।'  
সাহেব কহিছে 'হারে, তাহারা যে কার্য করে,  
মোর মনে মন্দ নাহি আসে।।  
সাহেব কহিছে 'বল, না কহিস্ মিথ্যা ছল,  
কু-কার্য কি করে কোন জনে।  
নাচে গায় নিরবধি, তার মধ্যে কাঁদে যদি,  
কু-প্রবৃত্তি জন্মিবে কেমনে?'